

## স্বাধীন আইবিএতে ভর্তি পরীক্ষায় অনিয়মের অভিযোগ

স্বাধীন আইবিএ

স্বাধীন আইবিএতে ভর্তি পরীক্ষায় অনিয়মের অভিযোগ উঠেছে। পছন্দের শিক্ষার্থীদের সূচনা করে দিতে আরবনের নির্ধারিত তারিখের পরেও কয়েক বিত্তরন এং গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে। ভর্তি পরীক্ষার অনিয়মের অভিযোগ এনে পরীক্ষা কমিটির একজন সদস্য, ইন্সটিটিউটের পরিচালকের কাছে লিখিত অভিযোগ করেছেন। অভিযোগটি তিনি বিশ্ববিদ্যালয়ের ডিনি ও জে-ডিনিও দিয়েছেন। এছাড়াও পুরো ভর্তি পরীক্ষা নিয়ে পরীক্ষা কমিটির সভায় একজন সদস্য নেট অব ডিসেন্ট (ডিসবন্ড) সিলেও আরও কয়েক শিক্ষার্থী ভর্তির জন্য নোটিশ দেয়া হয়েছে।

আইবিএ সূত্র জানায়, ২০১০-১৪ শিক্ষাবর্ষে আইবিএ এর বিবিএ গ্রাজুয়েটস দের ষষ্ঠ ব্যাচের ভর্তি পরীক্ষার জন্য দেয়া বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র জমাধানের শেষ তারিখ ছিল ১৯ সেপ্টেম্বর। নির্ধারিত তারিখের মধ্যে ১০৮ জন শিক্ষার্থী আবেদন করেন। নির্ধারিত তারিখের পর ২২ সেপ্টেম্বর পর্যন্ত আরও ২০ জন শিক্ষার্থী আবেদন করেন। এরপর ২০ সেপ্টেম্বর মেট ১৬১ জন আবেদনকারীর ভর্তি পরীক্ষা গ্রহণ করা হয়। গত বুধবার ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

ভর্তি পরীক্ষা কমিটির একজন সদস্য অভিযোগ করেন, পরে আবেদন করা ওই ২০ শিক্ষার্থীর মধ্যে থেকে ৮ জন শিক্ষার্থীকে ভর্তি করে নেয়া হয়েছে। ভর্তি পরীক্ষা কমিটির একজন সদস্যের বয়সগণিতায় একজন আবেদনকারী দু'বার আবেদন করেন। যা ভর্তি পরীক্ষার আইনে গ্রহণযোগ্য নয়। ওই আবেদনকারী প্রথমে আবেদন করলে তার রোল নম্বর হয় ১২৪। কিন্তু আবার একই শিক্ষার্থী সর্বশেষ আবেদন করলে তার রোল হয় ১৫৭।

যদিও ১৫৭ রোল নম্বরে ভর্তির জন্য বিবেচিত করা হয়েছে। আরও কয়েক শিক্ষার্থীর ভর্তি শুরু হচ্ছে। এ বিষয়ে যোগাযোগ করা হলে আইবিএর পরিচালক অধ্যাপক জাভিদ চন্দ্র নানা অভিযোগের সত্যতা স্বীকার করে বলেন, আবেদনের ওই সময় দু'দিন হরতাল থাকার সবার বতামত নিয়ে আবেদন গ্রহণের সময় বাড়িয়ে দেয়া হয়। আবেদনকারীর সংখ্যা কম হওয়ায় এই ব্যবস্থা।